



বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
বকশীগঞ্জ, জামালপুর  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং: -১৭.০৯.৩৯০৭.০০০.৩২.০৪২.২৩-০৬

তারিখ: ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২১ জানুয়ারি ২০২৪ খ্রি.

বিষয়: হালনাগাদকৃত ভোটার তালিকার খসড়া প্রকাশ এবং চূড়ান্তকরণের সময়সূচি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ এ বাড়ি বাড়ি গিয়ে ভোটার নিবন্ধনের জন্য যাদের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন তাদের মধ্যে ০১-০১-২০০৬ বা তার পূর্বে যাদের জন্য তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্তে হালনাগাদকৃত ভোটার তালিকার খসড়া প্রকাশ হতে শুরু করে চূড়ান্ত তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন নিম্নোক্ত সময়সূচি নির্ধারণ করেছেন। তবে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় যাদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে না।

সময়সূচি

(১)	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ	২১ জানুয়ারি ২০২৪ (রবিবার)
(২)	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ	০৫ ফেব্রুয়ারি ২০২৪ (সোমবার)
(৩)	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্ত সমূহের নিষ্পত্তির শেষ তারিখ	১১ ফেব্রুয়ারি ২০২৪ (রবিবার)
(৪)	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	১৮ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার)
(৫)	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২ মার্চ ২০২৩ (শনিবার)

২। ভোটার হওয়ার যোগ্য কোন ব্যক্তি হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা হতে বাদ পড়ে থাকলে অথবা খসড়া ভোটার তালিকাভুক্ত কোন ভোটারের বিরুদ্ধে আপত্তি অথবা খসড়া ভোটার তালিকায় কোন অন্তর্ভুক্তির সংশোধনীর প্রয়োজন হলে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনের জন্য নির্ধারিত ফরমে সংশোধনকারী কর্তৃপক্ষকে সম্বোধন করে উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর এ দাখিল করতে পারবেন। সেই পরিপ্রেক্ষিতে ভোটারদের নিকট প্রদর্শনের জন্য তাঁর ইউনিয়ন/পৌরসভার প্রকাশিত খসড়া ভোটার তালিকার ০১ (এক) সেট ভোটার তালিকা এই সাথে প্রেরণ করা হল।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত সময়সূচি তার এলাকায় বহল প্রচার করতঃ প্রেরিত খসড়া ভোটার তালিকা ভোটারদের নিকট প্রদর্শনপূর্বক প্রাপ্ত খসড়া ভোটার তালিকা আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে নির্বাচন অফিসারের কার্যালয়, বকশীগঞ্জ এ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হল।

৪। বিষয়টি অতীব জরুরি।

প্রাপকঃ

১। মেয়র, বকশীগঞ্জ পৌরসভা, বকশীগঞ্জ, জামালপুর।

২। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ,  
বকশীগঞ্জ, জামালপুর।

১৪.০১.২৪

মোঃ মাহমুদুল আলম  
উপজেলা নির্বাচন অফিসার  
বকশীগঞ্জ, জামালপুর  
ও

রেজিস্ট্রেশন অফিসার  
হুসিহ ভোটার তালিকা হালনাগাদ  
কার্যক্রম-২০২২

নং: -১৭.০৯.৩৯০৭.০০০.৩২.০৪২.২৩-০৬

তারিখ: ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২১ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, জামালপুর
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৫। জেলা নির্বাচন অফিসার, জামালপুর
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর
- ৭। মেয়র, বকশীগঞ্জ পৌরসভা, বকশীগঞ্জ, জামালপুর
- ৮। চেয়ারম্যান, ..... (সকল) ইউনিয়ন পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, বকশীগঞ্জ, জামালপুর (বিভাগটি স্থানীয় পত্রিকায় প্রচার করে নির্বাচন কমিশনের কাছে সহায়তা করার জন্য অনুরোধ করা হল)
- ১০। নোটিশ বোর্ড

১৪.০১.২৪  
উপজেলা নির্বাচন অফিসার